# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶রফিক মিয়া শেরপুর জেলার সীমান্তবর্তী গ্রামে বাস করে। তার কিছু আবাদী জমি থাকলেও বন্যায়-খরায় অধিকাংশ সময় ফসল উৎপাদন ব্যাহত হয় বলে আট জনের সংসারে অভাব-অনটন লেগেই থাকে। তাছাড়া সন্তানদের বিদ্যালয়ে পাঠানোর মতো সামর্থ্য ও সচেতনতা কোনোটাই তার ছিল না। তাই ছেলেমেয়েরাও স্বনির্ভর হতে পারেনি, যখন যে কাজ হাতে পায় সেকাজ করে যেটুকু আয় হয় তা দিয়ে বাবাকে সাহায্য করে। এদিকে ঘন ঘন সন্তান জন্ম দিয়ে স্ত্রীও আজ শয্যাশায়ী; তার উন্নত চিকিৎসা প্রয়োজন হলেও খরচ যোগানো সম্ভব হচ্ছে না।

ক. মৌল মানবিক চাহিদা কয়টি ও কী কী? ১

খ. মৌল মানবিক চাহিদার ধারণা দাও। ২

গ. উদ্দীপকে রফিক মিয়ার কোন কোন মৌল মানবিক চাহিদা পূরণ সম্ভব হচ্ছে না? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে মৌল মানবিক চাহিদা পূরণের যে অন্তরায়গুলো বিধৃত হয়েছে সেগুলো চিহ্নিত পূর্বক বিশ্লেষণ কর। ৪

২.▶অপু ও তপু স্থানীয় বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ে। এ দুজন প্রায় প্রতিদিনই স্কুলে না গিয়ে অন্য কোথাও আড্ডা দেয় ও ফুটবল খেলে। এভাবে চলতে থাকায় বিদ্যালয়ে তাদের অনুপস্থিতির হার বেড়ে যায় ও ফলাফল খারাপ হতে থাকে। বিষয়টি ছাত্র উপদেষ্টার নজরে আসে। তিনি সেই দুই ছাত্রের অভিভাবকদের ডেকে এনে কথা বলেন। দুই ছাত্রের কাছ থেকে ক্লাসে অনুপস্থিত থাকার প্রকৃত কারণ জানতে চান, সমস্যা উদঘাটনের চেষ্টা করেন এবং মা-বাবাকে আরো সচেতন হওয়ার পরামর্শ দেন। মাঝে মাঝে তিনি তাদের বাড়ি ও পরিবেশ পরিদর্শনে যান। এক সময় ছাত্রদের মাঝে ইতিবাচক পরিবর্তন পরিলক্ষিত হয়।

ক. শিল্প সমাজকর্ম কী? ১

খ. হাসপাতাল সমাজকর্মের ধারণা দাও। ২

গ. উদ্দীপকে সমাজর্মের কোন শাখাটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছাত্র উপদেষ্টাকে কার সাথে তুলনা করা যায়? উদ্দীপকে উল্লেখিত ছাত্র উপদেষ্টার ভূমিকাগুলো চিহ্নিত করে বিশ্লেষণ কর। ৪

৩.▶আজিজ দম্পতির দুই ছেলেমেয়ে ইংরেজি মাধ্যমে পড়াশোনা করছে। আজিজ ও তার স্ত্রী দু'জনই বিদেশি কোম্পানিতে কর্মরত থাকায় সন্তানদের তেমন সময় দিতে পারেন না। ভোগ-বিলাস ও প্রাচুর্যের মধ্যে সন্তানদের বড় করে তুললেও তাদের মানসিক চাহিদা অপূর্ণই থেকে যায়। হতাশা-নিরাশা তাদের গ্রাস করে। এক পর্যায়ে তারা সিগারেট, মদ ও ইয়াবা সেবন করতে থাকে। ধীরে ধীরে তা আসক্তিতে রূপ নেয় যার কারণে পারিবারিক অশান্তি বৃদ্ধি পায়। এ অবস্থা থেকে নিষ্কৃতি পেতে তারা বার বার চেষ্টা চালিয়েও ব্যর্থ হয়।

teachingbd.com

ক. এইচআইভি এর পূর্ণরূপ লেখ। ১
খ. সমস্যার ব্যুৎপত্তিগত অর্থ নির্ণয় কর। ২
গ. উদ্দীপকটি কোন সমস্যার প্রতি ইঙ্গিত দিচ্ছে? আলোচনা কর। ৩
ঘ. আজিজের উপর্যুক্ত পারিবারিক সমস্যা সমাধানে যেসব পদক্ষেপ গ্রহণ অপরিহার্য সেগুলো তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶তানজিল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিবিএ শেষ বর্ষের ছাত্র। বেশ কয়েক মাস যাবত তার শরীরে জ্বর লেগেই আছে, সাথে কাশি, শ্বাসকষ্ট ও খাবারে মারাত্মক অরুচি; যার কারণে তার ওজনও হ্রাস পাচ্ছে। অনেক ওষুধ খেয়েও উন্নতি না হওয়ায় সে একজন বিশেষজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হয়। ডাক্তার রোগের বিবরণ শুনে একটি টেস্ট দেন যাতে পজেটিভ রিপোর্ট আসে। ডাক্তার রোগীকে ডেকে বলেন, এ রোগ সাধারণত সংক্রমিত রক্ত পরিসঞ্চালন, আক্রান্ত দেহের অঙ্গ-প্রত্যঙ্গ প্রতিস্থাপন, শিরায় মাদক গ্রহণ অথবা অরক্ষিত দৈহিক মিলনের কারণে হয়ে থাকে।

ক. সামাজিক সংস্থা কী? ১
খ. পরিবারের ধারণা দাও। ২
গ. উদ্দীপকে কোন সমস্যার প্রতি ইঙ্গিত দিচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ডাক্তারের মন্তব্যে সমস্যাটির যেসব কারণ ওঠে এসেছে সেগুলো বিশ্লেষণ কর। ৪

৫.▶সামাজিক শিক্ষক সবুর আলী সমাজের মানুষকে শিক্ষা দিতে গিয়ে বলেন, বিবাহ বহির্ভূত শারীরিক সম্পর্ক আমাদের সমাজে গ্রহণযোগ্য নয়। তাই প্রতিটি বিবাহযোগ্য পাত্র-পাত্রীকেই বিবাহবন্ধনে আবদ্ধ হতে হয়। তবে মনে রাখতে হবে গোষ্ঠীর মধ্যে বিয়ের সম্বন্ধ বিজ্ঞানসম্পন্ন নয়। আবার একজন স্বামী বা স্ত্রীর একাধিক স্বামী-স্ত্রী থাকাটাও আদর্শ পরিবারের পরিপন্থি। তিনি আরো বলেন, বিয়ের পর স্বামী-স্ত্রীকে অনাগত সন্তানের ভরণপোষণ, ন্যায়-অন্যায় জ্ঞান দান, ধর্মীয় আদর্শ চর্চা ও মানুষরূপে গড়ে তোলার দায়িত্ব গ্রহণে যোগ্যরূপে প্রস্তুত থাকতে হয়।

ক. আইনের ব্যুৎপত্তিগত অর্থ কী? ১
খ. সামাজিক আইনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিবাহের যেসব শ্রেণির উল্লেখ রয়েছে সেগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. সবুর আলীর বক্তব্যে বিবাহের যেসব কার্যাবলি ওঠে এসেছে সেগুলো বিশ্লেষণ কর। ৪

৬.▶ষষ্ঠ শ্রেণির ছাত্র শামীম স্কুলে যাওয়ার পথে অপহৃত হয়। অপহরণের এক দিন পর শামীমের বাবার নিকট ফোন করে পাঁচ লক্ষ টাকার মুক্তিপণ দাবি করে, অন্যথায় প্রাণে মেরে ফেলার হুমকি দেয় দুস্কৃতিকারীরা। এতে উদ্বিগ্ন হয়ে শামীমের মা-বাবা পুলিশের শরণাপন্ন হয়। পুলিশ অভিযান চালিয়ে পাঁচ জন অপরাধীকে ধরে ফেলে এবং শামীমকে অক্ষত অবস্থায় উদ্ধার করতে সক্ষম হয়।

ক. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইনটি কত তারিখ থেকে কার্যকর হয়? ১
খ. মুসলিম পারিবারিক আইনের তালাক সংক্রান্ত ধারাটি ব্যাখ্যা কর। ২
গ. শামীমের অপহরণকারীদের বিচার কোন আইনের আওতায় হবে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে সংঘটিত অপরাধের বিচারে উক্ত আইনের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭.▶ চৌদ্দ বছরের শিশু সাহানাকে স্কুলে যাওয়া-আসার পথে প্রতিদিন উত্যক্ত করতো একজন দোকানদার। যেকারণে তার স্কুলে যেতে ইচ্ছে হতো না। একান্তই মা-বাবার চাপে সে স্কুলে যেতো। একদিন সে সমস্যার নিজেই প্রতিকার করবে বলে সিদ্ধান্ত নেয়। সেদিন স্কুলে যাওয়ার পথে আবারো তাকে উত্যক্ত করে সেই লোকটি। উত্যক্ত করে ফিরে যাওয়ার পথে সাহানা লোকটিকে পিছন থেকে সঙ্গে করে আনা ছুরি দিয়ে উপর্যুপুরি আঘাত করে মেরে ফেলে এবং ছুড়িসহ থানায় আত্মসমর্পণ করে। শিশু সাহানাকে থানা বিশেষ কেন্দ্রে পাঠায় যেখানে হাজতখানা, বিচারের জন্য বিশেষ আদালত ও সংশোধনের কর্মসূচি থাকবে।

ক. গ্রামীণ সমাজসেবা কী? ১

খ. শহর সমষ্টি উন্নয়নের ধারণা দাও। ২

গ. শিশু সাহানাকে বিচারের জন্য কোন বিশেষ প্রতিষ্ঠানে পাঠানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শিশু সাহানার জন্য যেসব কর্মসূচির উল্লেখ রয়েছে সেগুলো বিশ্লেষণ কর। ৪

৮.▶ একজন অশীতিপর বৃদ্ধা মমতাকে প্রতিদিন তার ছেলে ও বৌমা শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করত। এ অবস্থা দেখে একদিন সমাজসেবক জহির মমতাকে বিশেষ সংস্থার নাম লেখানোর জন্য পরামর্শ দেন যেখানে এমন নির্যাতনের কোনো ভয় থাকবে না এবং স্বাভাবিকভাবে বেঁচে থাকার জন্য স্বাস্থ্যসেবা, প্রশিক্ষণ, আশ্রয় ও বিনোদনসহ সুন্দর জীবন-যাপনের যাবতীয় ব্যবস্থা থাকবে।

ক. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ কী? ১

খ. গ্রামীণ ব্যাংক এর পটভূমি লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার নাম কী? উক্ত সংস্থা সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচিসমূহে সমাজকর্ম পদ্ধতির প্রয়োগ দেখাও। ৪

৯.▶ মি: হেনরী একটি আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার উচ্চ পদস্থ কর্মকর্তা। তার সংস্থাটি ১৯৫০ সালে আমেরিকান ডাক্তার বব পাইয়ার্স কর্তৃক প্রতিষ্ঠিত হয়। সংস্থাটি বাংলাদেশে আসে ১৯৭০ সালে প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়ে দক্ষিণাঞ্চলের দুর্দশাগ্রস্ত মানুষের মাঝে ত্রাণ ও পুনর্বাসনমূলক কর্মসূচি নিয়ে। এরপর ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময় ভারতে পালিয়ে যাওয়া লাখ লাখ শরণার্থীর ত্রাণ বিতরণ করে এবং ১৯৭২ সাল থেকে স্বাধীনতাত্তোর যুদ্ধবিধ্বস্ত দেশের আর্থ-সামাজিক অবস্থার পুনর্গঠন, শিশুদের স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষাবিস্তার, মানব সম্পদ উন্নয়ন, ত্রাণ ও পুনর্বাসনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে।

ক. UNICEF -এর পূর্ণরূপ লিখ। ১

খ. আন্তর্জাতিক সংগঠনের ধারণা দাও। ২

গ. হেনরীর কর্মরত সংস্থাটির নাম উল্লেখপূর্বক দৃশ্যমান কর্মসূচিসমূহ আলোচনা কর। ৩

ঘ. উক্ত কর্মসূচিসমূহ পরিচালনায় সমাজকর্ম পদ্ধতি প্রয়োগ দেখাও। ৪

http://teachingbd.com

সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ২ ৭ ২

সময় — ৪০ মিনিট

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. Basic Human Needs গ্রন্থে মৌল মানবিক চাহিদা হলো—
ⓚ ৪টি ⓛ ৫টি
ⓖ ৬টি ⓘ ৭টি

২. বাংলাদেশ সংবিধানের কত নং অনুচ্ছেদে মৌলমানবিক চাহিদার কথা বলা হয়েছে?
ⓚ ১১নং অনুচ্ছেদে ⓛ ১৩নং অনুচ্ছেদে
ⓖ ১৫নং অনুচ্ছেদে ⓘ ১৭নং অনুচ্ছেদে

৩. "শিক্ষা হচ্ছে মানুষের বহুমুখী প্রতিভা এবং অনুরাগের সুষম প্রকাশ ও নৈতিক চরিত্র গঠন।" উক্তিটি কার—
ⓚ জাতিসংঘ ⓛ ফেডারিক হাবার্ট
ⓖ সি কে ব্রাইট বিল
ⓘ কলিন্স সমাজবিজ্ঞান অভিধান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
জাফর সাহেব একজন কর্মব্যস্ত মানুষ। সারাদিন অফিসের কাজে ব্যস্ত থাকেন। রাতে যখন বাসায় ফিরেন তখন তিনি একেবারে ক্লান্ত ও অবসন্ন থাকেন। স্ত্রী সন্তানদের সাথে কথা বলার মত সময়ও তিনি পান না।

৪. জাফর সাহেবের জীবনে কোন চাহিদার অভাব দেখা দিচ্ছে?
ⓚ নিরাপত্তা ⓛ শিক্ষা
ⓖ ব্যবস্থান ⓘ চিত্তবিনোদন

৫. উক্ত চাহিদা পূরণ না হলে জাফর সাহেবের—
i. কর্মোদ্দীপনা কমে যাবে
ii. জীবনে একঘেয়েমীভাব চলে আসবে
iii. মানবিক মূল্যবোধ লোপ পাবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৬. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার (২০১১) কত?
ⓚ ১.৪৮ জন ⓛ ১.১৫ জন
ⓖ ১.৩৪ জন ⓘ ১.২৫ জন

৭. সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির অন্তর্ভুক্ত হলো—
i. কাজের মাধ্যমে নগদ অর্থ
ii. খাদ্য সাহায্য কর্মসূচি iii. কৃষি ঋণ প্রদান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮. ১৯০৬-০৭ শিক্ষাবর্ষে আমেরিকাতে বিদ্যালয় সমাজকর্ম চালু করা হয় যে সকল প্রতিষ্ঠানে তাহলো—
i. বোস্টন ও শিকাগো বিদ্যালয়গুলোতে
ii. ওয়াশিংটন বিদ্যালয়গুলোতে
iii. নিউইয়র্ক সিটি বিদ্যালয়গুলোতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজন তার বাবার চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যায়। কিন্তু সে হাসপাতালে গিয়ে প্রথমে কি করবে তা বুঝে উঠতে পারছিল না। এ জন্য তাকে নানা জটিলতায় পড়তে হয়। তার এ অবস্থা উত্তরণে হাসপাতাল সমাজকর্মের একটি কর্মসূচি চালু আছে।

৯. রাজনের এ সমস্যা সমাধানে হাসপাতালে কে ভূমিকা রাখতে পারে?
ⓚ মাঠকর্মী ⓛ চিকিৎসা সমাজকর্মী
ⓖ বিদ্যালয় সমাজকর্মী ⓘ শিল্প সমাজকর্মী

১০. রোগীদের বিভিন্ন জটিলতা দূরীকরণে উদ্দীপকে ইঙ্গিতকৃত ব্যক্তি যেভাবে ভূমিকা পালন করতে পারে তা হলো—
i. ডাক্তার, নার্স ও রোগীর মধ্যে সমন্বয়ের মাধ্যমে
ii. রোগীর উদ্বিগ্নতা দূরীকরণে
iii. রোগীকে চিকিৎসা প্রদানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১১. প্রবীণদের কল্যাণে পরিচালিত সমাজকর্ম হলো—
ⓚ Gerontological Social Work
ⓛ Clinical Social Work
ⓖ Industrial Social Work
ⓘ Hospital Social Work

১২. Rapport কাদের মধ্যে গড়ে উঠে?
ⓚ সমাজকর্মী ও সাহায্যার্থীর পরিবার
ⓛ সমাজকর্মী ও সাহায্যার্থী
ⓖ সমাজকর্মী ও চিকিৎসক
ⓘ সাহায্যার্থী ও চিকিৎসক

১৩. শিল্প সমাজকর্মী হলেন একজন—
i. প্রশাসক ii. পরামর্শক
iii. উপদেষ্টা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৪. জাতিসংঘের মতে, প্রবীণ হলেন তারা যাদের বয়স—
ⓚ ৫৫ বছরের উর্ধ্বে ⓛ ৬০ বছরের উর্ধ্বে
ⓖ ৬৫ বছরের উর্ধ্বে ⓘ ৭০ বছরের উর্ধ্বে

১৫. আমাদের দেশের শিক্ষিত ব্যক্তিরা দ্রুত আত্মনির্ভরশীল হতে পারে না। এর কারণ হলো—
i. ত্রুটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা
ii. কারিগরি জ্ঞান বিকাশের সুযোগ কম
iii. প্রাকৃতিক দুর্যোগের প্রভাব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৬. ? → অজ্ঞতা → জনসংখ্যা বৃদ্ধি → দারিদ্রতা
'?' চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে—
ⓚ সূচকদের অবক্ষয় ⓛ বেকারত্ব
ⓖ নিরক্ষরতা ⓘ সম্পদের স্বল্পতা

১৭. 'Social Problem is a state of Social mind' উক্তিটি কার?
ⓚ সিএম কেস ⓛ লরেন্স কে ফ্রাঙ্ক
ⓖ পিবিহার্টন ⓘ এইচ এ ফেলপস

১৮. মৌল মানবিক চাহিদার অপূরণ জনিত সমস্যা হলো—
i. পুষ্টিহীনতা ii. নিরক্ষতা
iii. প্রাকৃতিক দুর্যোগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৯. জাতীয় সম্পদের শতকরা ৯০ ভাগ ভোগ করে মোট জন সমষ্টির—
ⓚ ১০ ভাগ লোক ⓛ ২০ ভাগ লোক
ⓖ ৩০ ভাগ লোক ⓘ ৪০ ভাগ লোক

Teachingbd.com

http://teachingbd.com

২০. নিচের কোনটি মানসিক সমস্যা?
(ক) সন্ত্রাস (খ) ম্যানিয়া
(গ) মাদকাসক্তি (ঘ) শব্দ দূষণ

২১. জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা হলো—
i. শিল্পদূষণ ii. বেকারত্ব
iii. অপরাধ প্রবণতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
নিহাল কালি কলমে কাপড়ের ব্যানার ও প্লেন সীটের সাইন বোর্ড লিখেন। বর্তমানে ডিজাইন ব্যানার ও ডিজিটাল সাইন বোর্ডের প্রচলন আসায় নিহালের হাতে কাজ কম। ফলে প্রায় তাকে অলস সময় কাটাতে হয়।

২২. উদ্দীপকের নিহাল যে ধরনের সামাজিক সমস্যার শিকার—
i. দারিদ্রতা ii. বেকারত্ব
iii. নিরক্ষরতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. উদ্দীপকের নিহাল যে ধরনের বেকারত্বের অন্তর্ভুক্ত—
(ক) প্রযুক্তিগত বেকারত্ব (খ) পূর্ণ বেকারত্ব
(গ) আংশিক বেকারত্ব (ঘ) অদক্ষ বেকারত্ব

২৪. জাতীয় সমাজকল্যাণ নীতি প্রণয়ন করা হয়—
(ক) ২০০৪ (খ) ২০০৫
(গ) ২০০৮ (ঘ) ২০১০

২৫. সমষ্টি উন্নয়ন ভিত্তিক কার্যক্রম হলো—
(ক) মাতৃকেন্দ্র (খ) সরকারি শিশু সদন
(গ) বেবীহোম (ঘ) দিবাযত্ন

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
নাজিফা নবম শ্রেণির ছাত্রী। পাড়ার বখাটে ছেলের প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় তাকে এসিডের শিকার হতে হয়। এসিডের কারণে তার এক চোখ নষ্ট হয়ে যায়। ঘটনাটি জানতে পেয়ে একজন সমাজকর্মী 'X' নামক একটি প্রতিষ্ঠানের আওতায় তাদের আইনি সহায়তা প্রদান করে। সংস্থাটি ২০১০ সালের ২২ জুন পুনর্গঠিত হয়।

২৬. উদ্দীপকে 'X' দ্বারা কোন প্রতিষ্ঠানকে বুঝানো হয়েছে?
(ক) জেলা জজ আদালত (খ) দায়রা আদালত
(গ) কিশোর আদালত (ঘ) জাতীয় মানবাধিকার কমিশন

২৭. উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রমে সমাজকর্মীর ভূমিকা হতে পারে—
i. প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা
ii. আইনি সহায়তা প্রদান
iii. প্রতিষ্ঠানটির কার্যক্রম সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৮. RSS কর্মসূচিতে যে সমস্ত পরিবারে বার্ষিক গড় আয় ৫০০০ টাকা হতে ৬০,০০০ টাকার মধ্যে তারা হলেন—
(ক) ক-শ্রেণিভুক্ত (খ) খ-শ্রেণিভুক্ত
(গ) গ-শ্রেণিভুক্ত (ঘ) ঘ-শ্রেণিভুক্ত

২৯. Dhaka urban Community Development Board গঠন করা হয়—
(ক) ১৯৫১ সালে (খ) ১৯৫৩ সালে
(গ) ১৯৫৫ সালে (ঘ) ১৯৬১ সালে

৩০. জাতীয় কিশোরা উন্নয়ন কেন্দ্রের উদ্দেশ্য হলো—
i. শাস্তি নয় সংশোধন
ii. অপরাধীর বিচার ও শাস্তি প্রদান
iii. দৈহিক ও মানসিক উৎকর্ষতা সাধন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভাপতি হলেন—
(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী
(গ) দুর্যোগ পুর্নবাসনমন্ত্রী (ঘ) উক্ত মন্ত্রণালয়ের সচিব

৩২. দুর্যোগ ব্যবস্থাপনার Focal Point হলো—
(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো
(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণবিভাগ
(গ) দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী

৩৩. স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধীকরণ ও নিয়ন্ত্রণ আইন প্রণীত হয়—
(ক) ১৯৫৫ সালে (খ) ১৯৬০ সালে
(গ) ১৯৬১ সালে (ঘ) ১৯৬৫ সালে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মর্জিনা একটি এনজিও থেকে বিনা জামানতে ঋণ গ্রহণ করে। ক্ষুদ্র ঋণের মাধ্যমে দরিদ্র বিমোচনে প্রতিষ্ঠানটির সাফল্যতা লক্ষ করে যুক্তরাষ্ট্রের একটি পত্রিকায় শিরোনাম দেওয়া হয় "What Poor Bangladesh can teach rich America"

৩৪. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটিই হলো—
(ক) ব্র্যাক (খ) আশা
(গ) গ্রামীণ ব্যাংক (ঘ) প্রশিক্ষা

৩৫. উক্ত প্রতিষ্ঠানটির মালিকানা সংশোধন করার পর নিচের কোনটি সমর্থন করা যায়?
(ক) ভূমিহীনদের মালিকানা ৫০ ভাগ
(খ) ভূমিহীনদের মালিকানা ৭০ ভাগ
(গ) ভূমিহীনদের মালিকানা ৯৫ ভাগ
(ঘ) ভূমিহীনদের মালিকানা ২৫ ভাগ

৩৬. লিগ্যাল এইড ক্লিনিক চালু করে যে NGO তা হলো—
(ক) গ্রামীণ ব্যাংক (খ) ব্র্যাক
(গ) সেভ দ্যা চিলড্রেন (ঘ) ওয়ার্ল্ড ভিশন

৩৭. প্রবীণ হিতৈষী সংঘের প্রতিষ্ঠাতা কে?
(ক) বিচারপতি আব্দুল জব্বার খান
(খ) ড. এ কে এম আব্দুল ওয়াহেদ
(গ) বিচারপতি আব্দুস সাত্তার
(ঘ) ড. জোহা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
'X' নামক জাতিসংঘের অঙ্গ সংস্থাটি বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর থেকে কাজ করে যাচ্ছে। যুদ্ধ বিধ্বস্ত দেশের শিশুদের স্বাস্থ্যসুরক্ষা ও পুষ্টিকার্যক্রমে এর ভূমিকা উল্লেখযোগ্য।

৩৮. 'X' দ্বারা নিচের কোন প্রতিষ্ঠানকে নির্দেশ করা হয়েছে?
(ক) ইউসেপ (খ) সেভ দ্যা চিলড্রেন
(গ) ওয়ার্ল্ড ভিশন (ঘ) ইউনিসেফ

৩৯. সংস্থাটি বাংলাদেশে যে অবদান রাখছে তা হলো—
i. শিশুর জন্ম নিবন্ধনের উপর গুরুত্ব আরোপ করছে
ii. ছেলে মেয়েদের মধ্যে বৈষম্য দূরীকরণে চেষ্টা করছে
iii. নারী শিক্ষায় উপবৃত্তি চালু করছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. বাংলাদেশ সরকার জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষর করেন—
(ক) ১৯৭৬ সালে (খ) ১৯৮৫ সালে
(গ) ১৯৯০ সালে (ঘ) ১৯৯৯ সালে

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক |
| ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |
| ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com